

নং-৪৬.১০.০০০০.০০৩.০২২.০১১.২০১৭-৭৮৮

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৫
২২ সেপ্টেম্বর ২০১৮


বিষয় : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-১ জনাব মোঃ ওসমান গণি এর ইস্তেকাল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব মোঃ ওসমান গণি ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখ শনিবার বাংলাদেশ সময় সকাল ৮.৩০ ঘটিকায় সিঙ্গাপুরের জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইস্তেকাল করেছেন (ইন্সলিগ্নাহি ওয়াইন্থা ইলাইহি রাজিউন)। মরহমের মৃতদেহ আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ রবিবার সকাল ১১.৪০ ঘটিকায় সিঙ্গাপুর এয়ার লাইপের SQ448 নং ফ্লাইট যোগে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর পৌঁছবে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় প্যানেল মেয়র-২ জনাব মোঃ জামাল মোস্তফা ও প্রধান নির্বাহী কর্মকর্তাসহ উর্দ্ধতন কর্মকর্তাগণ মরহমের মৃতদেহ বিমানবন্দরে গ্রহণ করবেন। অতঃপর গুলশান সেন্ট্রাল মসজিদ (আজাদ মসজিদ) এ বাদ জোহর জানাজা শেষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন প্রধান কার্যালয় প্রাঙ্গনে সর্বস্তরের জনসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য রাখা হবে। বাদ আসর তাঁর নিজ এলাকা বাড্ডা আলাতুল্লাহ স্কুল এন্ড কলেজ মাঠে মরহমের ২য় জানাজা শেষে তাঁকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

২. ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।


(মোঃ মেসবাহুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোনঃ ৯৮৯৪৩৯২
ফ্যাক্সঃ ৮৮৩৪৮৯৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (স্ব স্ব এলাকার মাননীয় সংসদ সদস্য ও ওয়ার্ড কাউন্সিলরকে বিষয়টি জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫. প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।